

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আপীল বিভাগ, ঢাকা  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

তারিখঃ ১৩ এপ্রিল ২০২৬খ্রি.  
৩০ চৈত্র ১৪৩২বঙ্গাব্দ

### শোকবার্তা

বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রবীণ আইনজীবী ও সাবেক ডেপুটি অ্যাটর্নি জেনারেল জনাব মোহাম্মদ জাফর ইমাম অদ্য ১৩ এপ্রিল ২০২৬ খ্রি. রোজ সোমবার আনুমানিক ভোর ৫ ঘটিকায় রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন কিডনি জনিত সমস্যায় ভুগছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর। তিনি দুই ছেলে, বহু আত্মীয় স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

তাঁর মৃত্যুতে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মরহুমের রুহের মাগফিরাত কামনা করেছেন এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

জনাব মোহাম্মদ জাফর ইমাম ১৯৬৭ সালে বরিশাল জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে যথাক্রমে ১৯৯১, ১৯৯২ সালে এল এল. বি. (অনার্স) ও এল এল. এম. ডিগ্রি লাভ করেন। তিনি ১৯৯৪ সালে ঢাকা জেলা বারে আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন। পরবর্তীতে ১৯৯৫ সালে হাইকোর্ট এবং ২০০৫ সালে আপীল বিভাগে আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন।

জনাব মোহাম্মদ জাফর ইমামের জানাজা নামাজ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে আজ দুপুর ২:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।